

পত্র নং-৫৮.০৪.০০০০.০২২.১২.০১৩.২০২৪-৫৯৯

তারিখ: ১৫ কার্তিক ১৪৩১
৩১ অক্টোবর ২০২৪

বিষয় : সরকারি নির্দেশনা মোতাবেক কর্মকর্তা ও কর্মচারীদের যথাসময়ে অফিসে উপস্থিতি প্রসঙ্গে।

ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, দাপ্তরিক জরুরি প্রয়োজনে কারা অধিদপ্তর থেকে টেলিফোন/মোবাইল ফোনে কারাগারে যোগাযোগ করা হলে সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীকে তাৎক্ষণিক অফিসে উপস্থিত পাওয়া যায়না। এছাড়া কোনো কোনো কর্মকর্তা/কর্মচারী যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত দীর্ঘ সময়ের জন্য অফিস ত্যাগ করেন। এর ফলে জরুরি প্রয়োজনে তাৎক্ষণিকভাবে তথ্য না পাওয়ার কারণে সিদ্ধান্ত গ্রহণে অযাচিত বিলম্ব হয়-যা সুষ্ঠু কারা প্রশাসনের অন্তরায় এবং শৃঙ্খলার পরিপন্থি।

এমতাবস্থায়, সুষ্ঠু প্রশাসন পরিচালনার সুবিধার্থে সকল কর্মকর্তা ও কর্মচারীকে সরকারি নির্দেশনা মোতাবেক নিয়মিতভাবে যথাসময়ে অফিসে উপস্থিতি নিশ্চিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো। একইসাথে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত অফিস ত্যাগ না করার জন্যও বলা হলো।



মোহাম্মদ মোস্তফা কামাল
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোন: ৫৭৩০০২২২ (দপ্তর)
addl.ig@prison.gov.bd

সিনিয়র তত্ত্বাবধায়ক/কারা তত্ত্বাবধায়ক
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

অনুলিপি:

১. কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ। উপরোক্ত বিষয়ে তদারকি করার জন্য অনুরোধ করা হলো।
২. সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা ;
৩. ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা;
৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। পত্রটি কারা অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো;
৫. ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। বিষয়টি কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ-মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য;
৬. গার্ড ফাইল।